



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সংস্থাপন শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.৯৯.১৫.২৫- ২২০


তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব নিপু চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস গত ০৯/০৪/২০২৬ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। এছাড়াও আপনি প্রায়শই অফিসে বিলম্বে আসেন এবং নির্ধারিত সময়ের পূর্বেই অফিস ত্যাগ করেন। এ ব্যাপারে আপনাকে বারবার সতর্ক করার পরও কোন পরিবর্তন হন নাই; এবং

০২। যেহেতু, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে আপনাকে উক্ত প্রতিষ্ঠানের ১২/০৪/২০২৬ তারিখের ৫৭.০৩.২৬৯২.৪০০.০০.১৮৬(ব্যক্তি).২১-৯১ নং স্মারক মোতাবেক কৈফিয়ত তলব করা হয় কিন্তু আপনি কোন জবাব প্রদান করেননি। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মচারী হিসেবে আপনার এহেন কর্তব্য অবহেলা এবং আচরণ “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ এর পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ;

০৩। সেহেতু, জনাব নিপু চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস উক্ত শৃঙ্খলাবিধি আচরণের জন্য “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগে কেন আপনার বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেওয়া হলো।



(প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)
৩
পরিচালক (পিআইডব্লিউ) (বুটিন দায়িত্ব)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.৯৯.১৫.২৫ - ২২০

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. নিপু চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৬. সংরক্ষণ নথি।


(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক